

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি
চসিক এর অমর একুশে বইমেলায়
সমাপনী অনুষ্ঠান কাল

চট্টগ্রাম-২৭ ফেব্রুয়ারি-২০১৯ ইংরেজী।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে সৃজনশীল প্রকাশক পরিষদের সহায়তায় ঢাকা ও চট্টগ্রামের সৃজনশীল প্রকাশকদের অংশগ্রহণে নগরীর এম এ আজিজ স্টেডিয়াম সংলগ্ন জিমনেসিয়াম চত্বরে আয়োজিত ১৯ দিন ব্যাপি অমর একুশে বইমেলা-২০১৯ আগামীকাল ২৮ শে ফেব্রুয়ারি বৃহস্পতিবার শেষ হতে যাচ্ছে। বিকেল সাড়ে ৩ টায় সমাপনী দিনের এ অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী এমপি। এতে সভাপতিত্ব করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। অনুষ্ঠানে প্রধান অতিথি চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত চিত্রাঙ্কনসহ অন্যান্য সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার ও বইমেলায় অংশগ্রহণকারী ঢাকা ও চট্টগ্রামের প্রকাশকদের স্মারক সম্মাননা প্রদান করবেন। এতে শ্রেষ্ঠ প্রকাশনা ও শ্রেষ্ঠ স্টলকে পুরস্কৃত করা হবে। সমাপনী দিনের এই আয়োজনে সর্বস্তরের নাগরিকদের সবাঙ্কব উপস্থিত থাকার জন্য মেলা কমিটির আহবায়ক কাউন্সিলর নাজমুল হক

ডিউক অনুরোধ জানিয়েছেন।
চসিকের দ্রাম্যমান আদালত পরিচালিত

চট্টগ্রাম-২৭ ফেব্রুয়ারি-২০১৯ ইংরেজী।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে সিটি ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার এবং স্পেশাল ম্যাজিস্ট্রেট(যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে আজ বুধবার সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইলকোর্ট পরিচালিত হয়। অভিযানকালে কোতোয়ালী থানার মোমিন রোডের ফুটপাথ অধিভাষ্যে দখল করে ফুল ও দোকানের পন্য সামগ্রী স্তূপ করে জন দুর্ভোগ সৃষ্টির দায়ে রীমা ফুরের দোকানকে ৫ হাজার, পুষ্প বিতানকে ৫ হাজার ও ফ্লাওয়ার কর্ণারকে ৫ হাজারকে সহ মোট ১৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা, কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা প্রদান করেন।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন